

Times Today BD

দেশজুড়ে | 12 June, 2025

জীবননগর কাঁচাবাজারে অগ্নিকান্ডে ক্ষতগ্রস্ত ব্যবসায়ীদের মাঝে জামায়াতের আর্থিক সহায়তা প্রদান করলেন চুয়াডাঙ্গা জেলা আমীর রুহুল আমীন। এছাড়াও তিনি জীবননগরের বিভিন্ন শ্রেণী-পেশার মানুষের মাঝে ২ হাজার গাছের চারা বিতরণ করেন।

বাংলাদেশে জামায়াতে ইসলামী জীবননগর উপজলো শাখার উদ্যোগে বুধবার দুপুর ৩ টায় জীবননগর কাঁচাবাজারে উপস্থিতি হয়ে চুয়াডাঙ্গা জেলা আমীর এডভোকেটে রুহুল আমীন ক্ষতগ্রস্ত ৪ ব্যবসায়ীর মাঝে আর্থিক সহায়তা প্রদান করেন।

এরপর বিকাল সাড়ে তিনটায় জীবননগর বাসস্ত্যান্ড সংলগ্ন মুক্তমঞ্চ মাওলানা আবু বকর সিদ্দিক ভাইয়ের সঞ্চালনায় মাওলানা ফিরোজ হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমির ও চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য প্রার্থী মো রুহুল আমীন। এ সময় প্রধান অতিথি নিজ হাতে জনসাধারণের মাঝে বিভিন্ন প্রকারের ফলজ ও বনজ বৃক্ষ তুলে দেন।

রুহুল আমীন তার বক্তব্যে বলেন, পরিবেশ রক্ষার জন্য আমরা সকলেই মিলে নিজ বাড়িতে গাছ লাগানোর পাশাপাশি মাঠ-ঘাটসহ যেখানে গাছ লাগানো উপযোগী সেখানে গাছ লাগায়। কেউ ১ টি গাছ কাটলে যেন সে ১০ টি গাছ লাগায়।

এ সময় আরো উপস্থিতি ছিলেন চুয়াডাঙ্গা জেলা তালিমুল কুরআন শিক্ষা বিভাগের সম্পাদক মাওলানা মহিউদ্দীন, জেলা প্রশিক্ষণ সম্পাদক জিয়াউল হক, জেলা উলামা বিভাগের সভাপতি মাওলানা ইসরাইল হোসেন, জেলা মাজলিসুল মুফাসসিরিন পরিষদের সভাপতি মাওলানা হাফিজুর রহমান, জেলা পেশাজীবী পরিষদের সভাপতি সহকারি অধ্যাপক খলিলুর রহমান, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মাহফুজুর রহমান, জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমীর হাফেজ বিল্লাল হোসেন, জীবননগর উপজেলার সেক্রেটারি সাখাওয়াত হোসেন, সহকারী সেক্রেটারি মাওলানা আবু বকর, মাওলানা সাইদুল হক, আইটি সম্পাদক হারুন অর রশীদ, উপজলো যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটন, পৌর আমীর মাওলানা ফিরোজ হোসেন, পৌর সেক্রেটারি ইব্রাহিম খলিল, পৌর যুব সভাপতি আরিফুল ইসলাম জোয়ারদার প্রমুখ।